

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৯৭(আগরতলা, ২০১০৪)
ধর্মনগর, ২০ এপ্রিল, ২০১৭

পিয়ারাছড়ায় প্রশাসনিক শিবির অনুষ্ঠিত

ধর্মনগর মহকুমা প্রশাসনের উদ্যোগে আজ কদমতলা ব্লকের রাণীবাড়ী পঞ্চায়েতের পিয়ারাছড়া টি ই মাধ্যমিক বিদ্যালয়ে প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে আবেদনপত্রের ভিত্তিতে ৮ জনকে ইনকাম সার্টিফিকেট দেওয়া হয়। স্বাস্থ্য দপ্তর থেকে ৪৮ জন রোগীকে চিকিৎসা করে প্রয়োজনীয় অমুখ দেওয়া হয়। প্রাণী সম্পদ বিকাশ দপ্তর থেকে ১৫টি গবাদি পশু পাখীর চিকিৎসা করা হয়। এছাড়া, শিবিরে ৯৮টি পি আর টি সি, ১৯টি এস সি, ৮টি ও বি সি এবং ১৪টি এস টি সার্টিফিকেটের আবেদনপত্র গ্রহণ করা হয়। শিবিরে সংশ্লিষ্ট এলাকার বিভিন্ন সুবিধা অসুবিধা নিয়ে মহকুমা শাসক প্রদীপ আচার্যসহ বিভিন্ন দপ্তরের আধিকারিকরা জনগণের সাথে মতবিনিময় সভা করেন। সভায় রাণীবাড়ী পঞ্চায়েতের প্রধান অঞ্জনা গৌড়, উপ-প্রধান রঞ্জিত তেলেঙ্গা সহ পঞ্চায়েত সদস্যগণ উপস্থিত ছিলেন।

This document was created using
Smart PDF Converter
To remove this message purchase the
product at www.SmartPDFConverter.com